

# যুগান্তর

## দারুল আরকাম মাদ্রাসায় যোগ দিলেন ১ হাজার আলেম

প্রকাশ : ২০ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর ডেক্স

ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় সোমবার একসঙ্গে ১ হাজার ১০ জন আলিয়া নেসাবের আলেম সরকারি চাকরিতে যোগ দিলেন। একসঙ্গে এতজন আলেমের দ্বিনি দাওয়াতভিত্তিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ইসলামিক ফাউন্ডেশনের ইতিহাসে এক বিরল ঘটনা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকাত্তিক আগ্রহে এ বছর ইসলামিক ফাউন্ডেশনের অধীনে সারা দেশে ১ হাজার ১০টি দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়। মসজিদভিত্তিক শিশু ও গবেষণাকার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন এসব মাদ্রাসায় সদ্য যোগদানকারী আলেমেরা শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। ইতিপূর্বে ৫ মার্চ ১ হাজার ১০ জন কওমি আলেম এসব মাদ্রাসায় শিক্ষক হিসেবে যোগদান করেছেন। এ নিয়ে মোট ২ হাজার ২০ জন শিক্ষককে নিয়োগ করা হল। সাধারণ শিক্ষায় শিক্ষিত আরও ১ হাজার ১০ জন শিক্ষককে শিগগিরই নিয়োগ করা হবে। সংবাদ বিজ্ঞপ্তি।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।